

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৭.২০২১-৫৩

তারিখ: ২ আষাঢ়, ১৪২৮

১৬ জুন ২০২১

বিষয়: ...এপ্রিল, ২০২১ মাসের পরিদর্শন প্রতিবেদনে অসঙ্গতির জবাব প্রেরণ।

সূত্র: ...ডিডিএলজি, চুয়াডাঙ্গা এর স্মারক নং-২৯৩, তারিখঃ ২০/০৫/২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিডিএলজি, চুয়াডাঙ্গা কর্তৃক প্রেরিত এপ্রিল, ২০২১ মাসের পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনায় দামুড়হুদা ইউনিয়ন পরিষদের নিম্নবর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হচ্ছেঃ

(১) দামুড়হুদা ইউনিয়ন পরিষদের কর আদায়ের জন্য ৯ জন আদায়কারী নিয়োগের সময় নিরাপত্তা বন্ড বা জামানত না রাখা;

(২) চলতি ২০২০-২১ অর্থ বছরে টি আর ও কাবিখা খাতে প্রাপ্ত বরাদ্দের প্রাপ্তি ও ব্যয় একই/সম অংকের হওয়া এবং চলতি অর্থ বছরের (২০২০-২১) ১০ (দশ) মাস অতিক্রান্ত হলেও তা ১০০% ব্যয়ের বিষয়টি স্পষ্টিকরণ করা;

(৩) জন্ম নিবন্ধন ক্যাশ বহির রেকর্ড মতে ০৮/০৪/২০২১ খ্রিঃ তারিখে ৪১,২২৫/- টাকা স্থিতি দেখা গেলেও তা পরিদর্শনের তারিখ পর্যন্ত সরকারি কোষাগারে জমা প্রদান না করা।

এমতাবস্থায়, এপ্রিল, ২০২১ মাসের পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত দামুড়হুদা ইউনিয়ন পরিষদের উপরোক্ত অসঙ্গতির বিষয়ে স্বয়ংসম্পূর্ণ জবাব সংগ্রহপূর্বক এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬২২৭

উপপরিচালক

স্থানীয় সরকার, চুয়াডাঙ্গা।

ইমেইল: monitoring2lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৭.২০২১-৫৩/১

তারিখ: ২ আষাঢ়, ১৪২৮

১৬ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (আপলোড করার অনুরোধ)।
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

১৬-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব